রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, মার্চ ১২, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**বন শাখা-২**

**পরিপত্র**

তারিখ: ০৭ ফাল্গুন, ১৪৩১/২০ ফেব্রুয়ারি, ২০২৫

**বিষয়: "বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধনী)-২০২৫" অনুমোদন।**

নং **২২.০০.০০০০.০৬৭.২৩.০০২.২৪৮৫**—পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের আয়তনের অন্তত এক চতুর্থাংশ বৃক্ষাচ্ছাদন থাকা প্রয়োজন তাহাছাড়া দেশের গতিশীল অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশ ও প্রতিবেশ রক্ষায় বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধির ফলে নতুন নতুন বসতি স্থাপনের কারণে আবাদী জমির সংকোচনসহ জ্বালানি ও অন্যান্য বনজ সম্পদের চাহিদার উপর চাপ ক্রমশ বৃদ্ধি পাইতেছে। এই অবস্থায় দেশের আনাচে কানাচে, ফসল উৎপাদনের অনুপযোগী উঁচু-নিচু জমি, অফিস আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ির আশে পাশের খালি জায়গা, বাড়ির ছাদে, রাস্তা ও রেললাইনের ধারে, চরাঞ্চলে ও পার্বত্য এলাকায় বৃক্ষ রোপণ করিয়া দেশের পরিবেশের ভারসাম্য রক্ষাসহ বনজ সম্পদের চাহিদা পূরণ করা যাইতে পারে। বন নীতি, ১৯৯৪-এ সরকারি উদ্যোগে দেশের সরকারি বনভূমি ও প্রান্তিক ভূমিতে বনায়নসহ ব্যক্তিগত ও বেসরকারি উদ্যোগে বন সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে দেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করা হইয়াছে।

দেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির জন্য আপামর জনসাধারণকে বৃক্ষরোপণে উৎসাহিত করিয়া সকলকে বৃক্ষরোপণে সম্পৃক্ত করিতে এবং বৃক্ষরোপণে সফলতম ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে স্বীকৃতি প্রদানের জন্য ১৯৯৩ সাল হইতে 'বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার' প্রদান করা হইতেছে। বৃক্ষরোপণে



**মূল্য :** টাকা ৪০.০০

জাতীয় পুরস্কারকে প্রতিযোগিতামূলক, উৎসাহব্যঞ্জক এবং বেশি সংখ্যক জনগণকে সম্পৃক্ত করিবার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ২০০৪ সালে একটি নীতিমালা প্রণয়ণ করে। পরবর্তীতে এই নীতিমালাটি ২০০৫ সালে, ২০১৩ সালে এবং ২০২১ সালে সংশোধন করা হয়।

২০২১, ২০২২ ও ২০২৩ সালের পুরস্কারের মনোনয়ন চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভায় বিদ্যমান নীতিমালা সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ইহাছাড়াও সম্প্রতি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হইতে পুরস্কারটির নাম পরিবর্তন করিয়া "বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার" করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। সেইজন্য বৃক্ষরোপণ, সংরক্ষণ ও গবেষণায় সফলতম ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের লক্ষ্যে সমসাময়িক প্রাসঙ্গিক বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া পুরস্কারের নীতিমালাটি যুগোপযোগী করিয়া সংশোধন করা হইল।

২। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক 'বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার' প্রদান সংক্রান্ত ইতঃপূর্বে জারীকৃত সকল পরিপত্র বাতিল করা হইল।

৩। সংশ্লিষ্ট সকলকে 'বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার' প্রদানের সংশোধিত নীতিমালা, ২০২৫ অনুসরণ করিতে হইবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

৫। 'বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার' প্রদানের সংশোধিত নীতিমালা, ২০২৫ এতদ্সঙ্গে সংযুক্ত করা হইল।

**ড. ফারহিনা আহমেদ**

সচিব।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**বন অধিশাখা-২**

**বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধিত)-২০২৫**

তারিখ: ০৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ/২০ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রারম্ভিক**

পরিবেশের ভারসাম্য রক্ষার জন্য দেশের আয়তনের অন্তত এক চতুর্থাংশ বৃক্ষাচ্ছাদন থাকা প্রয়োজন। তাহাছাড়া দেশের গতিশীল অর্থনৈতিক উন্নয়ন, দারিদ্র্য বিমোচন, কর্মসংস্থান সৃষ্টি এবং পরিবেশ ও প্রতিবেশ রক্ষায় বৃক্ষের ভূমিকা অনস্বীকার্য। কিন্তু প্রতিনিয়ত জনসংখ্যা বৃদ্ধির ফলে নতুন নতুন বসতি স্থাপনের কারণে আবাদী জমির সংকোচনসহ জ্বালানি ও অন্যান্য বনজ সম্পদের চাহিদার উপর চাপ ক্রমশ বৃদ্ধি পাইতেছে। এই অবস্থায় দেশের আনাচে কানাচে, ফসল উৎপাদনের অনুপযোগী উঁচু-নিচু জমি, অফিস আদালত, শিক্ষা প্রতিষ্ঠান, বাড়ির আশে পাশের খালি জায়গা, বাড়ির ছাদে, রাস্তা ও রেললাইনের ধারে, চরাঞ্চলে ও পার্বত্য এলাকায় বৃক্ষ রোপণ করিয়া দেশের পরিবেশের ভারসাম্য রক্ষাসহ বনজ সম্পদের চাহিদা পূরণ করা যাইতে পারে। বন নীতি, ১৯৯৪-এ সরকারি উদ্যোগে দেশের সরকারি বনভূমি ও প্রান্তিক ভূমিতে বনায়নসহ ব্যক্তিগত ও বেসরকারি উদ্যোগে বন সম্প্রসারণ কার্যক্রমের মাধ্যমে দেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করা হইয়াছে।

দেশের বৃক্ষাচ্ছাদন বৃদ্ধির জন্য আপামর জনসাধারণকে বৃক্ষরোপণে উৎসাহিত করিয়া সকলকে বৃক্ষরোপণে সম্পৃক্ত করিতে এবং বৃক্ষরোপণে সফলতম ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে স্বীকৃতি প্রদানের জন্য ১৯৯৩ সাল হইতে 'বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার' প্রদান করা হইতেছে। বৃক্ষরোপণে জাতীয় পুরস্কারকে প্রতিযোগিতামূলক, উৎসাহব্যঞ্জক এবং বেশি সংখ্যক জনগণকে সম্পৃক্ত করিবার জন্য পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ২০০৪ সালে একটি নীতিমালা প্রণয়ন করে। পরবর্তীতে এই নীতিমালাটি ২০০৫ সালে, ২০১৩ সালে এবং ২০২১ সালে সংশোধন করা হয়।

২০২১, ২০২২ ও ২০২৩ সালের পুরস্কারের মনোনয়ন চূড়ান্তকরণের লক্ষ্যে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভায় বিদ্যমান নীতিমালা সংশোধনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ইহাছাড়াও সম্প্রতি পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় হইতে পুরস্কারটির নাম পরিবর্তন করিয়া "বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার" করিবার সিদ্ধান্ত গৃহীত হইয়াছে। সেইজন্য বৃক্ষরোপণ, সংরক্ষণ ও গবেষণায় সফলতম ব্যক্তি/প্রতিষ্ঠানকে পুরস্কার প্রদানের লক্ষ্যে সমসাময়িক প্রাসঙ্গিক বিষয়াদি অন্তর্ভুক্ত করিয়া পুরস্কারের নীতিমালাটি যুগোপযোগী করিয়া সংশোধন করা হইল।

**১। শিরোনাম।**—

(১) এই নীতিমালা "বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার প্রদানের নীতিমালা (সংশোধিত)- ২০২৫" নামে অভিহিত হইবে।

(২) এই নীতিমালা অবিলম্বে কার্যকর হইবে।

**২। উদ্দেশ্য:**

বৃক্ষরোপণ অভিযানকে একটি স্থায়ী চলমান ও স্বতঃস্ফূর্ত কার্যক্রমে পরিণত করিবার উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকলকে অনুপ্রাণিত ও সম্পৃক্ত করিবার লক্ষ্যে বৃক্ষরোপণ, সংরক্ষণ ও গবেষণায় বিশেষ কৃতিত্ব অর্জনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জাতীয়ভাবে উৎসাহ ও স্বীকৃতি প্রদান করা।

**৩। পুরস্কার প্রদানের শ্রেণি**

এই নীতিমালার অধীন নিম্নলিখিত ৭টি শ্রেণির জন্য পুরস্কার প্রদান করা হইবে :

| শ্রেণি | শ্রেণির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| ক | প্রাথমিক বিদ্যালয়/ উচ্চ বিদ্যালয়/এবতেদায়ী মাদ্রাসা/সিনিয়র মাদ্রাসা/কলেজ/ বিশ্ববিদ্যালয় | • ন্যূনতম ৫০০টি চারা হইতে হইবে এবং প্রজাতির বৈচিত্র্য থাকিতে হইবে।<br>• ২-৫ বছর বয়সী বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে। |
| খ | ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন/অধিদপ্তর/পরিদপ্তর /সেক্টর/কর্পোরেশন/ প্রতিষ্ঠান/ এনজিও/ক্লাব/স্বেচ্ছাসেবী সংস্থা | • ন্যূনতম ২(দুই) কিলোমিটার স্ট্রিপ বাগান (কমপক্ষে ২০০০টি চারা) অথবা ০.৮০ হেক্টর (২.০ একর) ব্লক বাগান (কমপক্ষে ২০০০টি চারা) বিবেচনায় আনা হইবে।<br>• ২-৫ বছর বয়সী বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে। |
| গ | ব্যক্তিগত পর্যায়ে বৃক্ষরোপণ | • ন্যূনতম ০.১০ হেক্টর (০.২৫ একর) ব্লক বাগান (কমপক্ষে ২৫০টি চারা)/ ০.২৫ কিঃমিঃ স্ট্রিপ বাগান (কমপক্ষে ২৫০টি চারা)/০.১০ হেক্টর (০.২৫ একর) কৃষি বন বাগান (কমপক্ষে ২০০টি চারা) পুরস্কারের জন্য বিবেচনা করা হইবে।<br>• ২-৫ বছর বয়সী বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে। |
| ঘ | ব্যক্তি মলিকানাধীন নার্সারি | • ন্যূনতম ১০,০০০টি চারা সম্বলিত ০.১০ হেক্টর (০.২৫ একর) আয়তনের নার্সারি পুরস্কারের জন্য বিবেচনা করা হইবে।<br>• নার্সারিতে চারা উত্তোলনের জন্য মাটির বিকল্পের (কোকোপিট, কিচেন বর্জ্য ইত্যাদি) ব্যবহারকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| শ্রেণি | শ্রেণির নাম | বিবেচ্য বিষয়সমূহ |
|---|---|---|
| ঙ | ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে সৃজিত ছাদ বাগান | • ব্যক্তিগত পর্যায়ে সৃজিত বাগানে ন্যূনতম ৫০টি টব/চারা, প্রাতিষ্ঠানিক পর্যায়ে সৃজিত বাগানে ন্যূনতম ১০০টি টব/চারা পুরস্কারের জন্য বিবেচনায় আনা হইবে।<br>• যে কোনো বয়সী বাগানের জন্য আবেদন করা যাইবে।<br>• ছাদ বাগানের বেডের ১.৫ বঃ ফুট আয়তনকে একটি চারা/টব-এর জন্য বিবেচনা করা হইবে।<br>• ছাদ বাগানে টব/চারা সাজানোর ধরণের ক্ষেত্রে ছাদের আয়তন ও টব/চারার স্থান সংকুলানের বিষয়টিকে মূল্যায়ন কালে বিবেচনায় আনিতে হইবে।<br>• নারী ও তরুণদেরকে প্রাধান্য দেওয়া হইবে। |
| চ | বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান | • বন বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের কর্তব্যনিষ্ঠা ও উদ্ভাবনী চিন্তা বিকাশের ক্ষেত্রে উৎসাহিত করার নিমিত্ত বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান বিবেচনায় আনা হইবে।<br>• এই শ্রেণিতে উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ বন বিভাগ কর্তৃক সৃজিত অন্যান্য সকল ধরনের বাগান অন্তর্ভুক্ত হইবে।<br>• উডলট ও ব্লক বাগানের ক্ষেত্রে কমপক্ষে ২০ হেক্টর বাগান এবং ন্যূনতম ৮০% চারা জীবিত থাকিলে তাহা মূল্যায়নের জন্য বিবেচনায় আনা হইবে। শুধুমাত্র ৪র্থ বৎসরের বাগান পুরস্কারের জন্য বিবেচিত হইবে। |
| ছ | বৃক্ষ সম্পর্কিত গবেষণা/সংরক্ষণ/উদ্ভাবন | মূল্যায়নকালে নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনায় আনা হইবে—<br>• পরিবেশ, প্রতিবেশ, জীববৈচিত্র্য রক্ষায় অবদান।<br>• দারিদ্র্য বিমোচন/দেশের অর্থনীতিতে অবদান।<br>• মাটি ক্ষয়রোধে/ লবণাক্ততা রোধে/ প্রকৃতি সংরক্ষণে ও জলবায়ু পরিবর্তন রোধে ভূমিকা।<br>• যৌক্তিকতা সহকারে বিজ্ঞানভিত্তিক প্রকাশনা/তথ্য উপস্থাপন।<br>• প্রামাণ্য চিত্র/ভিডিও/স্থিরচিত্র।<br>• কার্য সংশ্লিষ্ট সরকারি দপ্তরের সনদপত্র।<br>• নারী ও তরুণদের অবদানকে প্রাধান্য দেওয়া হইবে। |

৪। **পদকের সংখ্যা ও অর্থমূল্যঃ**

নীতিমালার আলোকে জাতীয় কমিটি কর্তৃক চূড়ান্ত বাছাই-এর পর ০৭টি শ্রেণির প্রত্যেক শ্রেণিতে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারীকে ক্রেষ্ট ও সনদপত্রসহ একাউন্ট পেয়ি চেকের মাধ্যমে যথাক্রমে- ১,০০,০০০/-(এক লক্ষ), ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার), ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা প্রদান করা হইবে।

৫। **পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয়**।—

(১) পুরস্কারের অর্থমূল্য এবং পুরস্কার প্রদান কার্যক্রমের ব্যয় নির্বাহের জন্য বন অধিদপ্তরের বাজেটে বরাদ্দ নির্ধারিত থাকিবে।

(২) নীতিমালায় উল্লিখিত বিভিন্ন কমিটির সদস্যবৃন্দ অর্থ বিভাগের অনুমোদনক্রমে নির্ধারিত সম্মানী প্রাপ্ত হইবেন।

(৩) বিভিন্ন কমিটি কর্তৃক আবেদনপত্র/মনোনয়ন প্রস্তাবনা সম্পর্কিত সার্চ বা অনুসন্ধান কার্যক্রম পরিচালনা, তথ্য-উপাত্ত প্রস্তুত ও পর্যালোচনা এবং প্রদর্শনের লক্ষ্যে প্রয়োজনে আলোকচিত্র, ভিডিও বা ডকুমেন্টেশন তৈরি করিবার আর্থিক ব্যয় বন অধিদপ্তরের এই সংক্রান্ত বাজেট বরাদ্দ হইতে নির্বাহ করা হইবে।

৬। **বাস্তবায়ন সময়সূচি**।—

**(ক) পুরস্কার প্রদান প্রক্রিয়া সম্পাদনের সময়সূচিঃ**

| ক্রমিক নং | কাজের বিবরণ | সময়সূচি |
|---|---|---|
| ১ | আবেদন আহ্বান | অক্টোবর |
| ২ | আবেদন দাখিলের শেষ তারিখ | ৩০ নভেম্বর |
| ৩ | উপজেলা কমিটি কর্তৃক নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ জেলা কমিটিতে প্রেরণ | ৩১ ডিসেম্বর |
| ৪ | জেলা কমিটি কর্তৃক নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা শেষ করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ বিভাগীয় কমিটিতে প্রেরণ | ৩১ জানুয়ারি |
| ৫ | বিভাগীয় কমিটি কর্তৃক নীতিমালা অনুযায়ী সকল আনুষ্ঠানিকতা শেষ করিয়া বাছাই প্রস্তাব সকল কাগজপত্রসহ পদক মূল্যায়ন উপকমিটিতে প্রেরণ | ২৮ ফেব্রুয়ারি |
| ৬ | পদক মূল্যায়ন উপকমিটি কর্তৃক যাচাই বাছাই শেষে জাতীয় কমিটিতে উপস্থাপন | ৩০ এপ্রিল |
| ৭ | জাতীয় কমিটি কর্তৃক পুরস্কারের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠান চূড়ান্তকরণ | ২০ মে |

(খ) দৈব দুর্বিপাকে বা অন্য কোনো নিয়ন্ত্রণ বহির্ভূত কারণে পুরস্কার প্রদান প্রক্রিয়া সম্পাদনের নির্ধারিত সময় মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা যাইবে।

(গ) অনুচ্ছেদ ৬(ক)-তে উল্লিখিত সময়সূচি অনুযায়ী এই নীতিমালার অধীন পুরস্কারের জন্য আবেদন আহ্বান করিয়া বন অধিদপ্তরের সংশ্লিষ্ট বিভাগীয় বন কর্মকর্তা প্রতি বৎসর অক্টোবর মাসে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন এবং বন অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে উক্ত বিজ্ঞপ্তি আপলোড করিবেন। ইহা ছাড়াও সংশ্লিষ্ট সকল উপজেলা নির্বাহী অফিসার ও সকল জেলা প্রশাসকের দপ্তরে বিজ্ঞপ্তির কপি প্রেরণ করিবেন।

(ঘ) আবেদন আহ্বানের পর ব্যক্তি বা প্রতিষ্ঠান-কে অত্র নীতিমালায় সংযুক্ত ফরম (পরিশিষ্ট ক হতে ঙ)-এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখের মধ্যে সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/ এসএফএনটিসি-র ভারপ্রাপ্ত কর্মকর্তার দপ্তরে দাখিল করিতে হইবে।

৭। **বাছাই কমিটি:**

বিভিন্ন শ্রেণিতে প্রাপ্ত আবেদনসমূহ মূল্যায়নকারী কর্মকর্তা কর্তৃক মূল্যায়নের পর উপজেলা, জেলা, বিভাগীয়, পদক মূল্যায়ন উপকমিটি ও জাতীয় কমিটি তাহা যাচাই-বাছাই করিবে। উপজেলা, জেলা, বিভাগীয়, পদক মূল্যায়ন উপকমিটি ও জাতীয় কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরূপঃ

| | **উপজেলা কমিটি** | |
|---|---|---|
| (১) | উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি |
| (২) | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| (৩) | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| (৪) | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৫) | উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৬) | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| (৭) | পৌরসভা কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| (৮) | সভাপতি কর্তৃক মনোনীত একজন প্রাইভেট সেক্টর/সুশীল সমাজ এর প্রতিনিধি | সদস্য |
| (৯) | সহকারী বন সংরক্ষক/রেঞ্জ কর্মকর্তা/এসএফএনটিসি-এর ভারপ্রাপ্ত কর্মকর্তা | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

- বিভিন্ন শ্রেণির বিপরীতে প্রাপ্ত আবেদনসমূহে উল্লিখিত তথ্যাদি মূল্যায়নকারী কর্মকর্তার মূল্যায়নের ভিত্তিতে ও প্রয়োজনে সরেজমিনে যাচাই-বাছাই অন্তে নীতিমালার আলোকে মূল্যায়ন করিবেন এবং প্রতিটি স্কোর সীটে (পরিশিষ্ট চ-ঞ) কমিটির সদস্যগণ স্বাক্ষর করিবেন।
- স্কোরের ভিত্তিতে যোগ্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান-কে মনোনয়ন প্রদানপূর্বক সভার কার্যবিবরণী, স্কোর সীট ও সকল কাগজপত্র জেলা কমিটিতে প্রেরণ করিবেন।

| ❐ | **জেলা কমিটি (জেলা পর্যায়ে):** | |
|---|---|---|
| (১) | জেলা প্রশাসক | সভাপতি |
| (২) | প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ | সদস্য |
| (৩) | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৪) | জেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য |
| (৫) | জেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| (৬) | নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | সদস্য |
| (৭) | সভাপতি কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ/প্রেস ক্লাবের প্রতিনিধি | সদস্য |
| (৮) | সভাপতি কর্তৃক মনোনীত একজন সুশীল সমাজের প্রতিনিধি | সদস্য |
| (৯) | বিভাগীয় বন কর্মকর্তা/সহকারী বন সংরক্ষক | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

- বিভিন্ন শ্রেণির বিপরীতে উপজেলা কমিটি কর্তৃক মনোনীত আবেদনসমূহের বিপরীতে প্রদত্ত স্কোর নীতিমালার আলোকে যাচাই-বাছাই করিবেন এবং প্রয়োজনে তথ্যাদি সরেজমিনে যাচাই-বাছাই করিয়া পুনর্মূল্যায়ন করিবেন।
- উপজেলা পর্যায়ে কোনো শ্রেণিতে পর্যাপ্ত সংখ্যক ও মানসম্পন্ন আবেদন পাওয়া না গেলে জেলা কমিটি অনুসন্ধানকরত উক্ত শ্রেণির বিপরীতে আবেদনপত্র সংগ্রহ করিয়া তাহা এই নীতিমালা অনুসরণপূর্বক মূল্যায়ন করিবেন।
- নীতিমালার আলোকে মূল্যায়নপূর্বক কমিটির সদস্যগণ প্রতিটি স্কোর সীটে (পরিশিষ্ট চ-ঞ) স্বাক্ষর করিবেন এবং স্কোরের ভিত্তিতে যোগ্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান-কে মনোনয়ন

প্রদানপূর্বক সভার কার্যবিবরণী, স্কোর সীট ও সকল কাগজপত্র বিভাগীয় কমিটিতে প্রেরণ করিবেন।

| ❒ | **বিভাগীয় কমিটি (বিভাগীয় পর্যায়ে):** | |
|---|---|---|
| (১) | বিভাগীয় কমিশনার | সভাপতি |
| (২) | পরিচালক, স্থানীয় সরকার | সদস্য |
| (৩) | সভাপতি কর্তৃক মনোনীত বিশ্ববিদ্যালয় প্রতিনিধি (উদ্ভিদ বিদ্যা/ উদ্যানতত্ত্ব/ফরেস্ট্রি বিভাগ) | সদস্য |
| (৪) | অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| (৫) | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |
| (৬) | সভাপতি কর্তৃক মনোনীত দুইজন প্রাইভেট সেক্টর/ সুশীল সমাজের প্রতিনিধি (ন্যূনতম একজন নারী) | সদস্য |
| (৭) | সভাপতি কর্তৃক মনোনীত একজন সংবাদকর্মী/ প্রেস ক্লাবের প্রতিনিধি | সদস্য |
| (৮) | সংশ্লিষ্ট বন সংরক্ষক/বিভাগীয় বন কর্মকর্তা | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

- বিভিন্ন শ্রেণির বিপরীতে জেলা কমিটি কর্তৃক মনোনীত আবেদনসমূহের বিপরীতে প্রদত্ত স্কোর নীতিমালার আলোকে যাচাই-বাছাই করিবেন এবং প্রয়োজনে তথ্যাদি সরেজমিনে যাচাই-বাছাইপূর্বক পুনর্মূল্যায়ন করিবেন।
- নীতিমালার আলোকে কমিটির সদস্যগণ আবেদনসমূহ মূল্যায়নপূর্বক প্রতিটি স্কোর সীটে (পরিশিষ্ট চ-এ) স্বাক্ষর প্রদান করিবেন।
- স্কোরের ভিত্তিতে যোগ্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠান-কে মনোনয়ন প্রদানপূর্বক সভার কার্যবিবরণী, স্কোর সীট ও অন্যান্য সকল কাগজপত্র পদক মূল্যায়ন উপকমিটিতে প্রেরণ করিবেন।

| ❒ | **পদক মূল্যায়ন উপ-কমিটি:** | |
|---|---|---|
| (১) | অনুবিভাগ প্রধান (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টার কার্যালয়ের একজন প্রতিনিধি (পরিচালক পর্যায়ের) | সদস্য |
| (৩) | যুগ্ম-সচিব (বন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | বন সংরক্ষক, ঢাকা সামাজিক বন অঞ্চল, বন ভবন, মহাখালী, ঢাকা | সদস্য |
| (৫) | প্রধান বৃক্ষ পালনবিদ, সড়ক ও জনপথ অধিদপ্তর | সদস্য |

| ❐ | **পদক মূল্যায়ন উপ-কমিটিঃ** | |
|---|---|---|
| (৬) | বন সংরক্ষক, কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা | সদস্য |
| (৭) | সহকারী প্রধান বন সংরক্ষক, সামাজিক বন ও সম্প্রসারণ, বন ভবন, আগারগাঁও, ঢাকা | সদস্য |
| (৮) | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ঢাকা | সদস্য |
| (৯) | কৃষি মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি | সদস্য |
| (১০) | উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (বন অধিশাখা-২) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধিঃ**

- বিভিন্ন শ্রেণির বিপরীতে বিভাগীয় কমিটি কর্তৃক মনোনয়ন প্রদানকৃত আবেদনসমূহ নীতিমালার আলোকে যাচাই-বাছাই করিবেন এবং প্রয়োজনে তথ্যাদি সরেজমিনে যাচাই-বাছাইপূর্বক পুনর্মূল্যায়ন করিবেন।
- স্কোরের ভিত্তিতে বিভিন্ন শ্রেণির বিপরীতে যোগ্য আবেদনকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদানপূর্বক সভার কার্যবিবরণী, স্কোর সীট ও সকল কাগজপত্র জাতীয় কমিটিতে প্রেরণ করিবেন।

| ❐ | **জাতীয় কমিটি (মন্ত্রণালয় পর্যায়ে):** | |
|---|---|---|
| (১) | মাননীয় মন্ত্রী/মাননীয় উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভাপতি |
| (২) | মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৩) | সিনিয়র সচিব/সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| (৪) | উপাচার্য/ তাঁর মনোনীত প্রতিনিধি, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| (৫) | উপাচার্য/ তাঁর মনোনীত প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম | সদস্য |
| (৬) | উপাচার্য/তাঁর মনোনীত প্রতিনিধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| (৭) | উপাচার্য/ তাঁর মনোনীত প্রতিনিধি, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা | সদস্য |
| (৮) | প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর | সদস্য |
| (৯) | প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা এর কার্যালয়ের প্রতিনিধি | সদস্য |
| (১০) | কৃষি মন্ত্রণালয় এর প্রতিনিধি | সদস্য |

| | | |
|---|---|---|
| ❐ | **জাতীয় কমিটি (মন্ত্রণালয় পর্যায়ে):** | |
| (১১) | পরিচালক, বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| (১২) | পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম, মিরপুর, ঢাকা | সদস্য |
| (১৩) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট সাংবাদিক | সদস্য |
| (১৪) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন বিশিষ্ট মহিলা সমাজ সেবী/উদ্যোক্তা | সদস্য |
| (১৫) | পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত একজন নারী প্রতিনিধি | সদস্য |
| (১৬) | সভাপতি, বাংলাদেশ পরিবেশ সাংবাদিক ফোরাম, সেগুন বাগিচা, ঢাকা | সদস্য |
| (১৭) | অনুবিভাগ প্রধান (প্রশাসন), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য-সচিব |

**কার্যপরিধি:**

- পদক মূল্যায়ন উপকমিটি কর্তৃক বিভিন্ন শ্রেণির বিপরীতে মনোনীত আবেদনপত্রসমূহ নীতিমালার আলোকে যাচাই বাছাই করিবেন।
- সার্বিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভিন্ন শ্রেণির বিপরীতে চূড়ান্তভাবে পুরস্কার বিজয়ীদেরকে মনোনয়ন প্রদান করিবেন।

৮। **আবেদনপত্র মূল্যায়ন ও স্কোর নির্ধারণ:**

এই নীতিমালার নির্ধারিত ফরম (পরিশিষ্ট ক হতে ঙ)-এ বিভিন্ন শ্রেণিতে দাখিলকৃত আবেদনসমূহ মূল্যায়নকারী কর্মকর্তা এবং উপজেলা, জেলা, বিভাগীয়, পদক মূল্যায়ন উপকমিটি ও জাতীয় কমিটি কর্তৃক নিম্নোক্ত পদ্ধতিতে মূল্যায়ন করিবেন। ইহা ছাড়াও মূল্যায়নকারী কর্মকর্তা আবেদনপত্র মূল্যায়নকালে নীতিমালার ৩নং ক্রমিক (পুরস্কার প্রদানের শ্রেণি)- এ উল্লিখিত শ্রেণিভিত্তিক বিবেচ্য বিষয়সমূহ এবং ১০ নং ক্রমিক (অন্যান্য সাধারণ বিষয়াবলি)- এ উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক মূল্যায়ন করিবেন। সংশ্লিষ্ট সহকারী বন সংরক্ষক এই নীতিমালার আলোকে আবেদনপত্রসমূহ মূল্যায়নের জন্য মূল্যায়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করিবেন। যেই সব ক্ষেত্রে সহকারী বন সংরক্ষক পাওয়া যাইবেনা, সেই সব ক্ষেত্রে কেবল সংশ্লিষ্ট রেঞ্জ কর্মকর্তা/এসএফএনটিসির ভারপ্রাপ্ত কর্মকর্তা মূল্যায়ন করিতে পারিবেন।

**বৃক্ষরোপণে জাতীয় পুরস্কার-এর নিমিত্ত আবেদনপত্র মূল্যায়ন ও স্কোর নির্ধারণ পদ্ধতিঃ**

শ্রেণিঃ শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারি (বন বিভাগ ব্যতীত)/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা এবং ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান-এর ক্ষেত্রে মূল্যায়ন ও স্কোর নির্ধারণ পদ্ধতি (ক, খ ও গ শ্রেণির জন্য প্রযোজ্য)

(সর্বমোট স্কোর-১০০)

**১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ন্যূনতম সংখ্যক চারারোপণ : মোট স্কোর-৫**

| শ্রেণি | সংস্থা | বাগানের ধরন | নীতিমালা মোতাবেক ন্যূনতম এরিয়া/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|---|---|
| ক. | শিক্ষা প্রতিষ্ঠান | যে কোনো ধরনের | ন্যূনতম ৫০০টি | ৫ |
| খ. | সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থা ইত্যাদি | স্ট্রিপ বাগান | ২কিঃ মিঃ (কমপক্ষে ২০০০টি চারা) | ৫ |
| | -ঐ- | ব্লক/উডলট বাগান | ০.৮০ হেক্টর (২.০ একর) কমপক্ষে ২০০০টি চারা | ৫ |
| গ. | ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান | ব্লক/উডলট বাগান | ০.১০ হেক্টর (০.২৫ একর) (কমপক্ষে ২৫০টি চারা) | ৫ |
| | -ঐ- | স্ট্রিপ বাগান | ০.২৫ কিঃমিঃ (কমপক্ষে ২৫০টি চারা) | ৫ |
| | -ঐ- | কৃষি বন বাগান | ০.৮০ হেক্টর (২.০ একর) (কমপক্ষে ২০০টি চারা) | ৫ |

**২। ন্যূনতম চারার সংখ্যার অতিরিক্ত চারা রোপণের জন্য নিম্নোক্তভাবে নম্বর বন্টন করা হইবে :**

(ক) শিক্ষা প্রতিষ্ঠানে বাগান সৃজনের জন্য প্রযোজ্যঃ— মোট স্কোর-২০

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ২৫০ পর্যন্ত | ২ |
| ২৫১ - ৫০০ পর্যন্ত | ৪ |
| ৫০১ - ১০০০ পর্যন্ত | ৬ |
| ১০০১ - ১৫০০ পর্যন্ত | ৮ |
| ১৫০১ - ২০০০ পর্যন্ত | ১০ |
| ২০০১ - ২,৫০০ পর্যন্ত | ১২ |
| ২৫০১ - ৩,০০০ পর্যন্ত | ১৪ |
| ৩,০০১ - ৪,০০০ পর্যন্ত | ১৬ |
| ৪,০০১ - ৫,০০০ পর্যন্ত | ১৮ |
| ৫,০০১ এবং তদূর্ধ্ব | ২০ |

**(খ) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান/সংস্থার উদ্যোগে সৃজিত স্ট্রিপ বাগান/ ব্লকবাগান/উডলট বাগানের ক্ষেত্রে প্রযোজ্য:**

মোট স্কোর-২০

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১০০০ পর্যন্ত | ২ |
| ১০০১ - ২০০০ পর্যন্ত | ৪ |
| ২০০১ - ৪০০০ পর্যন্ত | ৬ |
| ৪০০১ - ৬০০০ পর্যন্ত | ৮ |
| ৬০০১ - ৮০০০ পর্যন্ত | ১০ |
| ৮০০১ - ১০,০০০ পর্যন্ত | ১২ |
| ১০,০০১ - ১২,০০০ পর্যন্ত | ১৪ |
| ১২,০০১ - ১৬,০০০ পর্যন্ত | ১৬ |
| ১৬,০০১ - ২০,০০০ পর্যন্ত | ১৮ |
| ২০,০০১ এবং তদূর্ধ্ব | ২০ |

**(গ) ব্যক্তিগত উদ্যোগে সৃজিত বাগান :**

(i) ব্লক/উডলট/স্ট্রিপ বাগানের জন্য প্রযোজ্য :- মোট স্কোর-২০

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১২৫ পর্যন্ত | ২ |
| ১২৬ - ২৫০ পর্যন্ত | ৪ |
| ২৫১ - ৫০০ পর্যন্ত | ৬ |
| ৫০১ - ৭৫০ পর্যন্ত | ৮ |
| ৭৫১ - ১০০০ পর্যন্ত | ১০ |
| ১০০১ - ১২৫০ পর্যন্ত | ১২ |
| ১২৫১ - ১৫০০ পর্যন্ত | ১৪ |
| ১৫০১ - ২০০০ পর্যন্ত | ১৬ |
| ২০০১ - ২,৫০০ পর্যন্ত | ১৮ |
| ২৫০১ এবং তদূর্ধ্ব | ২০ |

**(ii) কৃষি বন বাগানের জন্য প্রযোজ্য :-** **মোট স্কোর-২০**

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ১০০ পর্যন্ত | ২ |
| ১০১ - ১৫০ পর্যন্ত | ৪ |
| ১৫১ -২০০ পর্যন্ত | ৬ |
| ২০১ -২৫০ পর্যন্ত | ৮ |
| ২৫১ -৩০০ পর্যন্ত | ১০ |
| ৩০১ - ৩৫০ পর্যন্ত | ১২ |
| ৩৫১ - ৪০০ পর্যন্ত | ১৪ |
| ৪০১ - ৪৫০ পর্যন্ত | ১৬ |
| ৪৫১ - ৫০০ পর্যন্ত | ১৮ |
| ৫০১ এবং তদূর্ধ্ব | ২০ |

**৩। জীবিত চারার হার :-** **মোট স্কোর- ১০**

| জীবিত চারার শতকরা হার | স্কোর |
|---|---|
| ৫০ % পর্যন্ত | ০ |
| ৫০ % এর অধিক হতে ৬০ % পর্যন্ত | ২ |
| ৬০ % এর অধিক হতে ৭০ % পর্যন্ত | ৪ |
| ৭০ % এর অধিক হতে ৮০ % পর্যন্ত | ৬ |
| ৮০ % এর অধিক হতে ৯০ % পর্যন্ত | ৮ |
| ৯০ % এর অধিক হতে ১০০% পর্যন্ত | ১০ |

**৪। বর্ধন হার :-**

**বনজ**

মোট স্কোর-২০

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১´ এর নীচে | ০ |
| ১´ - ২´ এর মাঝে | ১ |
| ২´ - ৩´ এর মাঝে | ২ |
| ৩´ - ৪´ এর মাঝে | ৩ |
| ৪´ এবং তদূর্ধ্ব | ৪ |

**ফলদ**

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ০ |
| ১ - ২ এর মাঝে | ১ |
| ২ - ৩ এর মাঝে | ২ |
| ৩ - ৪ এর মাঝে | ৩ |
| ৪ এবং তদূর্ধ্ব | ৪ |

**ভেষজ**

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

**শোভাবর্ধনকারী**

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

**দেশিয় বিলুপ্তপ্রায়**

| বাৎসরিক বর্ধন | স্কোর |
|---|---|
| ১ এর নীচে | ১ |
| ১ - ২ এর মাঝে | ২ |
| ২ - ৩ এর মাঝে | ৩ |
| ৩ হইতে তদূর্ধ্ব | ৪ |

**৫। প্রজাতি বৈচিত্র্য :** **মোট স্কোর-২০**

**বনজ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**ফলদ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**ভেষজ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**শোভাবর্ধনকারী**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**দেশিয় বিলুপ্তপ্রায়**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**৬। বাগানের মডেলঃ** **মোট স্কোর- ৫**

| মডেল | নম্বর |
|---|---|
| বিজ্ঞানভিত্তিক মডেল (এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বজায় রাখিয়া সুপরিকল্পিতভাবে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ) | ৫ |
| বিজ্ঞানভিত্তিক মডেল না হইলে | ২ |

**৭। জলবায়ু পরিবর্তন রোধে বা কার্বন নিঃসরণ রোধে ভূমিকা :** **মোট স্কোর-৫**

| বিশেষত্ব | স্কোর |
|---|---|
| উত্তম | ৫ |
| মধ্যম | ৪ |
| সাধারণ | ৩ |

**৮। বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান :** **মোট স্কোর-৫**

| বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান | স্কোর |
|---|---|
| উত্তম | ৫ |
| মধ্যম | ৩ |
| সাধারণ | ২ |

**৯। মোট ভূমির তুলনায় বনায়নের জন্য ব্যবহৃত ভূমির পরিমাণ :** **মোট স্কোর- ৫**

| বনায়নের জন্য ব্যবহৃত ভূমির পরিমাণ | স্কোর |
|---|---|
| উত্তম মোট ভূমির ৬০% এর বেশি) | ৫ |
| মধ্যম মোট ভূমির ৫০% - ৫৯% | ৪ |
| সাধারণ মোট ভূমির ৪০% - ৪৯% | ৩ |

বিঃ দ্রঃ : (দশমিকের পরের অংক বিবেচিত হইবে না)

**১০। উদ্যোক্তার ধরন :** **মোট স্কোর- ৫**

| উদ্যোক্তা | স্কোর |
|---|---|
| নারী উদ্যোক্তা | ৫ |
| নারী ও পুরুষ যৌথ উদ্যোক্তা | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

**শ্রেণি : ব্যক্তি মালিকানাধীন নার্সারি বিষয়ক মূল্যায়ন পদ্ধতি ও স্কোর নির্ধারণ (ঘ শ্রেণির জন্য প্রযোজ্য):**

(সর্বমোট স্কোর-১০০)

১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ন্যূনতম সংখ্যক চারা সৃজন : মোট স্কোর-১০

| সংস্থা | ব্যবহৃত জমির পরিমাণ/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|
| নার্সারির নাম ও ঠিকানা | ন্যূনতম আয়তন ০.১০ হেক্টর (০.২৫ একর) এবং ন্যূনতম ১০,০০০টি চারা | ১০ |

**২। ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা সৃজন :** **মোট স্কোর-১৫**

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ৫০,০০০ পর্যন্ত | ৩ |
| ৫০,০০১ - ১,০০,০০০ পর্যন্ত | ৫ |
| ১,০০,০০১ - ১,৫০,০০০ পর্যন্ত | ৭ |
| ১,৫০,০০১ - ২,০০,০০০ পর্যন্ত | ৯ |
| ২,০০,০০১ - ২,৫০,০০০ পর্যন্ত | ১১ |
| ২,৫০,০০১ - ৩,০০,০০০ পর্যন্ত | ১৩ |
| ৩,০০,০০১ এবং তদূর্ধ্ব | ১৫ |

**৩। জীবিত চারার হার :** **মোট স্কোর-১৫**

| জীবিত চারার শতকরা হার | স্কোর |
|---|---|
| ৫০ % পর্যন্ত | ০ |
| ৫০ % এর অধিক হতে ৬০% পর্যন্ত | ৩ |
| ৬০ % এর অধিক হতে ৭০ % পর্যন্ত | ৬ |
| ৭০ % এর অধিক হতে ৮০ % পর্যন্ত | ৯ |
| ৮০ % এর অধিক হতে ৯০ % পর্যন্ত | ১২ |
| ৯০ % এর অধিক হতে ১০০% পর্যন্ত | ১৫ |

**৪। প্রজাতি বৈচিত্র্য : (৫+৫+৫+৫+৫)**

**বনজ**

মোট স্কোর- ২৫

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদূর্ধ্ব | ৫ |

**ফলদ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদূর্ধ্ব | ৫ |

**ভেষজ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদূর্ধ্ব | ৫ |

**শোভাবর্ধনকারী**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ৫ | ১ |
| ৬-১০ | ২ |
| ১১-১৫ | ৩ |
| ১৬-২০ | ৪ |
| ২১ এবং তদূর্ধ্ব | ৫ |

**দেশিয় বিলুপ্তপ্রায়**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭-৮ | ৪ |
| ৯ এবং তদূর্ধ্ব | ৫ |

**৫। নার্সারির চারা বিক্রয় : মোট স্কোর- ৫**

| বিক্রিত চারার সংখ্যা | স্কোর |
|---|---|
| ২০,০০০ পর্যন্ত | ১ |
| ২০,০০১ - ৪০,০০০ পর্যন্ত | ২ |
| ৪০,০০১ - ৬০,০০০ পর্যন্ত | ৩ |
| ৬০,০০১ - ৮০,০০০ পর্যন্ত | ৪ |
| ৮০,০০১ এবং তদূর্ধ্ব | ৫ |

**৬। কর্মসংস্থান (স্থায়ী) : মোট স্কোর- ৫**

স্থায়ী কর্মসংস্থান

| নার্সারি কর্মী/শ্রমিক | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭-৮ | ৪ |
| ৯ এবং তদূর্ধ্ব | ৫ |

**৭। নার্সারিতে চারা উত্তোলনের জন্য মাটির বিকল্প (কোকোপিট, কিচেন বর্জ্য ইত্যাদি) ব্যবহার করা হয় কিনা: মোট স্কোর-৫**

| চারা উত্তোলনের জন্য মাটির বিকল্প ব্যবহার | স্কোর |
|---|---|
| মাটির বিকল্প ব্যবহার হয় | ৫ |
| মাটির বিকল্প ব্যবহার হয় না | ৩ |

**৮। নারী উদ্যোক্তা/নারী এবং পুরুষের যৌথ উদ্যোগ/পুরুষ উদ্যোক্তা : মোট স্কোর-৫**

| বিশেষত্ব | স্কোর |
|---|---|
| নারী উদ্যোক্তা | ৫ |
| নারী এবং পুরুষ যৌথ উদ্যোগ | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

**৯। সার্বিক রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান : মোট স্কোর-১৫**

| | সেচ ব্যবস্থা (পানি নিস্কাশনের ব্যবস্থা) | সূর্যালোকের ব্যবস্থা | নার্সারি রক্ষণাবেক্ষণ/ পরিচর্যার মান | মোট স্কোর |
|---|---|---|---|---|
| উত্তম/পর্যাপ্ত | ৫ | ৫ | ৫ | ১৫ |
| মধ্যম | ৩ | ৩ | ৩ | ৯ |
| সাধারণ/অপর্যাপ্ত | ১ | ১ | ১ | ৪ |

বিঃ দ্রঃ : দশমিকের পরের অংক বিবেচিত হইবে না।

**শ্রেণী : ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাড়ির ছাদে সৃজিত বাগান সৃজন বিষয়ক মূল্যায়ন পদ্ধতি ও স্কোর নির্ধারণ (ঙ শ্রেণির জন্য প্রযোজ্য): (সর্বমোট স্কোর-১০০)**

**১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ ন্যূনতম সংখ্যক চারা রোপণ : মোট স্কোর-১০**

| সংস্থা | বাগানের ধরন | নীতিমালা মোতাবেক ন্যূনতম এরিয়া/চারার সংখ্যা | স্কোর |
|---|---|---|---|
| ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক পর্যায়ে বাড়ির ছাদে সৃজিত বাগান | ব্যক্তিগত/প্রাতিষ্ঠানিক উদ্যোগে টব/বেডের বাগান | ব্যক্তি মালিকানায় ন্যূনতম ৫০টি টব/চারা, প্রতিষ্ঠানের জন্য ন্যূনতম ১০০টি টব/চারা | ১০ |

**২। ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা : মোট স্কোর-২০**

| ন্যূনতম সংখ্যক চারার অতিরিক্ত চারা | নম্বর |
|---|---|
| ২৫ পর্যন্ত | ২ |
| ২৬ - ৫০ পর্যন্ত | ৪ |
| ৫১ - ৭৫ পর্যন্ত | ৬ |
| ৭৬ - ১০০ পর্যন্ত | ৮ |
| ১০১ - ১২৫ পর্যন্ত | ১০ |
| ১২৬ - ১৫০ পর্যন্ত | ১২ |
| ১৫১ - ১৭৫ পর্যন্ত | ১৪ |
| ১৭৬ - ২০০ পর্যন্ত | ১৬ |
| ২০১ - ২২৫ পর্যন্ত | ১৮ |
| ২২৬ - ২৫০ পর্যন্ত | ২০ |

**৩। সাজানোর ধরন : মোট স্কোর-১৫**

| সাজানোর ধরণ | স্কোর |
|---|---|
| উত্তম | ১৫ |
| মধ্যম | ১০ |
| সাধারণ | ৫ |

**৪। প্রজাতি বৈচিত্র্য : মোট স্কোর-২৪**

**ফলদ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**ভেষজ**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**শোভাবর্ধনকারী**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**দেশিয় বিলুপ্ত-প্রায়**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**বিশেষ প্রজাতি**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**অন্যান্য**

| প্রজাতির সংখ্যা | স্কোর |
|---|---|
| ১-২ | ১ |
| ৩-৪ | ২ |
| ৫-৬ | ৩ |
| ৭ এবং তদূর্ধ্ব | ৪ |

**৫। বাগানের মডেল :** **মোট স্কোর-৬**

| মডেল | স্কোর |
|---|---|
| বিজ্ঞানভিত্তিক মডেল (এরিয়ার সাথে চারার সংখ্যার সামঞ্জস্যতা বজায় রাখিয়া সুপরিকল্পিতভাবে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণ) | ৬ |
| বিজ্ঞানভিত্তিক মডেল না হইলে | ৩ |

**৬। উদ্যোক্তার ধরন :** **মোট স্কোর-৫**

**ব্যক্তিগত ছাদ বাগানের ক্ষেত্রে :**

| উদ্যোক্তা | | স্কোর |
|---|---|---|
| নারী/তরুণ উদ্যোক্তা | | ৫ |
| নারী এবং পুরুষের যৌথ উদ্যোগ | | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | | ৩ |

**প্রতিষ্ঠানের ছাদ বাগানের ক্ষেত্রে :**

| উদ্যোক্তা | স্কোর |
|---|---|
| নারী/তরুণ সংগঠন | ৫ |
| নারী ও পুরুষের যৌথ উদ্যোগ | ৪ |
| পুরুষ উদ্যোক্তা | ৩ |

**৭। বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান :** **মোট স্কোর-১০**

| বাগান রক্ষণাবেক্ষণ/পরিচর্যার মান | স্কোর |
|---|---|
| উত্তম | ১০ |
| মধ্যম | ৬ |
| সাধারণ | ৩ |

**৮। জলবায়ু পরিবর্তন রোধে বা কার্বন নিঃসরণ রোধে ভূমিকা : মোট স্কোর -৫**

| জলবায়ু পরিবর্তন বা কার্বন নিঃসরণে ভূমিকা | স্কোর |
|---|---|
| উত্তম | ৫ |
| মধ্যম | ৪ |
| সাধারণ | ৩ |

**৯। ছাদের মোট আয়তনের তুলনায় বনায়নের জন্য ব্যবহৃত জায়গার পরিমাণ : মোট স্কোর -৫**

| বনায়নের জন্য ব্যবহৃত ছাদের পরিমাণ | স্কোর |
|---|---|
| উত্তম (৮০% এর বেশি) | ৫ |
| মধ্যম (৬১%-৭৯%) | ৪ |
| সাধারণ (৫০%-৬০%) | ৩ |

বিঃ দ্রঃ : (দশমিকের পরের অংক বিবেচিত হইবে না)

**শ্রেণি : বন বিভাগ কর্তৃক সৃজিত বাগান (উপকূলীয় এলাকায় সৃজিত বাগানসহ অন্যান্য সকল ধরনের বাগান) বিষয়ক মূল্যায়ন পদ্ধতি ও স্কোর নির্ধারণ (চ শ্রেণির জন্য প্রযোজ্য) (সর্বমোট স্কোর-১০০)**

**১। নীতিমালায় নির্ধারিত ন্যূনতম এরিয়া/ন্যূনতম জীবিত চারার হার : মোট স্কোর-১০**

| সংস্থা | বাগানের ধরন | নীতিমালা মোতাবেক ন্যূনতম এরিয়ার চারার হার | স্কোর |
|---|---|---|---|
